**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**16 November 2025** **7:35 AM IST**

===========================================================================

কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের নির্দেশে হাইলাকান্দি জেলায় ১০ বছর বা তার বেশী দিন ধরে নিষ্ক্রিয় থাকা ব্যাঙ্ক একাউন্ট সক্রিয় করতে সচেতনতা শিবির শুরু হয়েছে । জেলা প্রশাসন ও লিড ডিস্ট্রিক্ট কার্যালয়ের যৌথ উদ্যোগে আগামী ১৮ই নভেম্বর হাইলাকান্দি উন্নয়ন খন্ড কার্যালয়েও অনুরূপ এক শিবিরের আয়োজন করা হয়েছে । এতে দাবিদারহীন পুরোনো ব্যাঙ্ক একাউন্টের মালিক বা নমিনিদের উপস্থিত থাকতে বলা হয়েছে ।

---

এন আই টি শিলচরের ২৩ তম সমাবর্তন গতকাল অনুষ্ঠিত হয়েছে । এন আই টি শিলচরের ক্রীড়া প্রাঙ্গণ প্রেক্ষাগৃহে আয়োজিত এই সমাবর্তনে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডি আর ডি ও র ইলেক্ট্রনিকস এবং যোগাযোগ বিভাগের সঞ্চালক প্রধান ড.বিনয় কুমার দাস এবং আই আই টি খড়্গপুরের প্রাক্তন সঞ্চালক অধ্যাপক দামোদর আচার্য । অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এন আই টি শিলচরের সঞ্চালক অধ্যাপক দিলীপ কুমার বৈদ্য ।

সমাবর্তন অনুষ্ঠানে মোট ১হাজার ২১১ জন ছাত্র ছাত্রী এবং গবেষককে ডিগ্রীর প্রমাণপত্র প্রদান করা হয় । এরমধ্যে ৮৪১ জনকে বি টেক ডিগ্রী

,১৩৫ জনকে এমটেক ডিগ্রী ,৬০ জন এম এস সি এবং ৪৮ জন এম বি এ ডিগ্রী লাভ করেছে । এছাড়াও রেকর্ড সংখ্যক ১২৭ জন গবেষককে পি এইচ ডি ডিগ্রী প্রদান করা হয় ।

উল্লেখ্য এন আই টি শিলচর এবছর ১০০ রো অধিক গবেষককে পি এইচ ডি ডিগ্রী প্রদান করা উত্তর-পূর্ব ভারতের প্রথম এন আই টি হিসেবে পরিগণিত হয়েছে ।

---

আজ জাতীয় প্রেস দিবস । এউপলক্ষ্যে আজ কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে শিলচরে জেলা আয়ুকতের কার্য্যলয়ের সম্মেলন কক্ষে দুপুর দুটোয় একটি আলোচনা সভার আয়োজন করা হয়েছে । জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে আয়োজিত আলোচনা সভায় আসাম বিশ্ববিদ্যালয়ের গন জ্ঞাপন বিভাগের প্রধান অধ্যাপক দার্বাক মূখ্য বক্তা হিসেবে উপস্থিত থাকবেন ।

---

শ্রীভূমি জেলা প্রশাসন থেকে এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে জেলার এরালিগুলের ১৫তম আসাম পুলিশ ব্যাটেলিয়ান ফায়ারিং রেঞ্জে আগামী পয়লা ডিসেম্বর থেকে ১৫ই ডিসেম্বর পর্য্যন্ত বার্ষিক গুলি চালানোর মহড়া অনুষ্টিত হবে । এই গুলি চালানোর মহড়ার সময় যাতে কোন ধরনের অবাঞ্চিত র্দূঘটনা সংগঠিত না হয় , সেজন্য ফায়ারিং রেঞ্জ সংলগ্ন এলাকার জনগনকে সাবধানতা অবলম্বন করে চলাচল করতে সর্তক করা হয়েছে ।

---

শ্রীভূমি পৌরসভার সভাপতি এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে শ্রীভূমি পৌরসভার একটি নতুন সেসপুল টেঙ্কার পরিচালনার জন্য একজন অভিজ্ঞ চালকের প্রয়োজন রয়েছে । সেসপুল টেঙ্কার পরিচালনার জন্য ইচ্ছুক চালকদের শ্রীভূমি পৌরসভা কার্যালয়ে এসে যোগাযোগ করতে অনুরোধ করা হয়েছে । উল্লেখ্য চালকদের অন্তত দু বছরের সেসপুল টেঙ্কার চালানোর অভীজ্ঞতা ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে । বিশদ বিবরন পৌরসভা কার্যলয়ে পাওয়া যাবে ।

---

শিলচর পূর্ত বিভাগের কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে শিলচর ফুলেরতল সড়ক থেকে কনকপুর পর্য্যন্ত সড়কে আর সি সি সেতুর সংস্কার কাজের জন্য আগামী ১৮ই নভেম্বর থেকে ১৮ই ফেব্রুয়ারী পর্য্যন্ত সব ধরনের ভারী যান চলাচল বন্ধ থাকবে । এই সময়কালে শুধু মাত্র দু - চাকা এবং তিন চাকার যানবাহন চলাচল করতে পারবে এবং বিকল্প সড়ক হিসেবে বেরেঙ্গা হয়ে নাথপাড়া সড়ক ব্যবহার করতে পথচারীদের অনুরোধ করা হয়েছে ।

---

পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত পি এন বি আর সেটি কাছাড়ের উদ্যোগে মহিলা ও বেকার যূবক-যূবতীদের আত্ম-নির্ভর করার লক্ষ্যে খাদ্য প্রক্রিয়াকরণের উপর প্রশিক্ষণ কর্মশালা আগামী সপ্তাহে শিলচর অনুষ্ঠিত হবে । ১২ দিনের এই প্রশিক্ষণ কর্মশালায় ১৮ থেকে ৫০ বছরের মধ্যে ইচ্ছুক প্রার্থীরা যোগ দিতে পারবেন । প্রার্থীদের ভোটার কার্ড, আধার কার্ড ,ব্যাঙ্ক পাসবুক সহ পরিবারের রেশন কার্ড , জব কার্ড নিয়ে আর সেটি কার্য্যলয়ে আসতে বলা হয়েছে । বিশদ বিবরণের জন্য ০৩৮৪২-২৯৬২২৩ নম্বরে ফোন করে যোগাযোগ করা যাবে ।

শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগে এবং ইয়াসির সহযোগীতায় আজ ঘুংঘুর জোগেশ চন্দ্র দাস প্রাথমিক বিদ্যালয়ে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে। শিবির সকাল ১০টায় শুরু হবে।

এদিকে লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অব বদরপুর গ্রেটারের ব্যবস্থাপনায় আগামীকাল বদরপুরঘাটের কালীরবন্দ এলাকার একটি বিবাহ ভবনে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে। শিবিরটিও সকাল ১০টায় শুরু হবে।